



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং- বামাশিবো/প্রশাসন/দিনাজপুর-২৮/ ৯২৭/৪

তারিখঃ ০৫/০৫/২০১৮খ্রিঃ

বিষয় : গভার্ণিং বডি ভেঙ্গে দেয়া সংক্রান্ত স্মারকের কার্যকারিতা স্থগিতকরণ এবং সরকার পক্ষে মামলা পরিচালনা প্রসঙ্গে।

সূত্র : রিট পিটিশন নং- ৪৭৩১/২০১৮।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, দিনাজপুর জেলার পার্বতীপুর উপজেলাধীন বছির বানিয়া দ্বি-মুখী দাখিল মাদ্রাসার নবগঠিত ম্যানেজিং কমিটি অনুমোদন না দেয়া সংক্রান্ত এ দপ্তরের নং- বামাশিবো/প্রশাসন/২২৪১৮১২১০৩২১/৪৯৪৬/নথি নং-২৮; তারিখঃ ১৭/০২/২০১৮খ্রিঃ স্মারকের বিরুদ্ধে জনৈক মোঃ মিজানুর রহমান সরকার মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং- ৪৭৩১/২০১৮ দায়ের করেন। উক্ত রিট পিটিশনের প্রেক্ষিতে উল্লিখিত স্মারকের কার্যক্রমের উপর মহামান্য হাইকোর্ট কর্তৃক স্থগিত আদেশ প্রদান করা হয়েছে। মহামান্য হাইকোর্টের আদেশ বলবৎ থাকাকালীন উল্লিখিত স্মারকের কার্যকারিতা এতদ্বারা স্থগিত করা হলো।

২) রিট মামলাটি বোর্ডের তথা সরকার পক্ষে পরিচালনার জন্য মাদ্রাসার সুপারকে অনুরোধ করা হলো। উল্লেখ্য, মামলা পরিচালনার কোন ব্যয় ভার বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ বহন করবে না এবং মামলার অগ্রগতির বিষয়ে সময় সময়ে বোর্ডকে অবহিত করতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

মোঃ

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ৯৬১২৮৫৮

প্রাপকঃ সুপার, বছির বানিয়া দ্বি-মুখী দাখিল মাদ্রাসা
পার্বতীপুর, দিনাজপুর।

নং- বামাশিবো/প্রশা/দিনাজপুর-২৮/ ৯২৭/৪

তারিখঃ ০৫/০৫/২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. জেলা প্রশাসক, দিনাজপুর।
২. উপজেলা নির্বাহী অফিসার, পার্বতীপুর, দিনাজপুর।
৩. জেলা শিক্ষা অফিসার, দিনাজপুর।
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পার্বতীপুর, দিনাজপুর।
৫. জনাব মোঃ মজিবুর রহমান সরকার (রিট পিটিশন নং- ৪৭৩১/২০১৮ এর বাদী)
৬. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ৯৬৭৪৮৭৪